



# কৃষি বিপণন বার্তা



ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা

তৃতীয় বর্ষ

নবম সংখ্যা

চৈত্র-১৪৩০

পৃষ্ঠা-৮

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নিত্যপ্রয়োজনীয় ২৯টি কৃষি পণ্যের  
উৎপাদক, পাইকারি ও খুচড়া পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ



কৃষি বিপণন আইন, ২০১৮ এর ৪(ঝ) ধারার ক্ষমতাবলে কতিপয় নিত্যপ্রয়োজনীয় ২৯টি কৃষি পণ্যের উৎপাদক, পাইকারি ও খুচড়া পর্যায়ে যৌক্তিক মূল্য নির্ধারণ করে কৃষি বিপণন অধিদপ্তর। সেই সাথে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নির্ধারিত মূল্যে কৃষি পণ্য ক্রয়-বিক্রয়ের অনুরোধ করা হয়। যৌক্তিক মূল্য নির্ধারণের কিছু দিনের মধ্যে বেশির ভাগ পণ্য বেধে দেওয়া দামের মধ্যে ক্রয়-বিক্রয় হয়।

চাঁদপুর জেলায় অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মহাপরিচালক মহোদয়



“কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প” এর আওতায় চাঁদপুর জেলায় অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মাসুদ করিম। এ সময় উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় উপপরিচালক, চাঁদপুর জেলা কৃষি বিপণন কর্মকর্তা ও চাঁদপুর গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ।

মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়কে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন।



কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষ থেকে মাননীয় কৃষি মন্ত্রী মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানান অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মাসুদ করিম। এ সময় মহাপরিচালক মহোদয় কৃষি বিপণন অধিদপ্তরের লক্ষ্য উদ্দেশ্য ও গৃহীত কার্যক্রম মন্ত্রী মহোদয়ের সামনে তুলে ধরেন।

ভোমরা স্থলবন্দরে জেলা টাস্কফোর্স কমিটির যৌথ অভিযান পরিচালনা:



পেঁয়াজের মূল্য স্থিতিশীল এবং পণ্য সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে সাতক্ষীরা জেলা প্রশাসন ও কৃষি বিপণন অধিদপ্তর, সাতক্ষীরা-এর সমন্বয়ে ভোমরা স্থলবন্দরে পেঁয়াজের গোড়াউনে এক যৌথ অভিযান পরিচালিত হয়।



কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় কর্তৃক শেরপুর জেলায় অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণের জায়গা পরিদর্শন:



১৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি: তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় শেরপুর সফর কালে শেরপুরে অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণের স্থান পরিদর্শন করেন। পরিদর্শন এর সময় উপস্থিত ছিলেন শেরপুর জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, কৃষি বিপণন অধিদপ্তর ময়মনসিংহ বিভাগের উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর শেরপুর এর কৃষি বিপণন কর্মকর্তা।

কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের শেরপুর জেলার ঝিনাইগাতীর আহম্মদ নগর শস্য গুদাম পরিদর্শন :



শেরপুরে ঝিনাইগাতী উপজেলার আহম্মদ নগর শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতায় একটি গুদাম পরিদর্শন করেন পরিদর্শন এর সময় উপস্থিত ছিলেন ঝিনাইগাতী উপজেলার উপজেলা নির্বাহী অফিসার , কৃষি বিপণন অধিদপ্তরের ময়মনসিংহ বিভাগের উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর শেরপুরের আঞ্চলিক ব্যবস্থাক এবং শেরপুর এর কৃষি বিপণন কর্মকর্তা।

কৃষি বিপণন 'আইন, বিধি ও নীতি' অবহিতকরণ বিষয়ক কর্মশালা



১৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি: তারিখ কৃষি বিপণ অধিদপ্তর, ময়মনসিং বিভাগীয় কার্যালয়ের তত্ত্বাবধায়নে Feed the Future- Policy Link Agricultural Policy Activity\_ এর সহযোগিতায় (বেসরকারী প্রতিষ্ঠান, কৃষক, ব্যবসায়ী, উদ্যোক্তা, আমদানীকারক ও রপ্তানীকারক) কৃষি বিপণন সম্পর্কিত 'আইন, বিধি ও নীতি' অবহিতকরণ বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃমাসুদ করিম মহোদয় উপস্থিত ছিলেন।

নির্ধারিত ২৯ টি নিত্য প্রয়োজনীয় কৃষি পণ্যের যৌক্তিক মূল্য বাস্তবায়নে ব্যবসায়ীদের মাঝে লিফলেট বিতরণ ও বাজার মনিটরিং



কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২৯ টি নিত্য প্রয়োজনীয় কৃষি পণ্যের যৌক্তিক মূল্য বাস্তবায়নে ২৮ মার্চ, ২০২৪ .. জেলার এই বাজারে বাজারকারবারীগণের নিকট লিফলেট বিলি, উপস্থাপন, আলোচনা ও বাজার মনিটরিং করা হয়।



### পেঁয়াজ সংরক্ষণ মডেল ঘর পরিদর্শন



ফরিদপুর জেলার সালথা, নগরকান্দা উপজেলার পেঁয়াজ সংরক্ষণের মডেল ঘর পরিদর্শন করেন প্রকল্পের পরিচালক মহোদয়। ৬৫ টি মডেল ঘরের মধ্য ৬০ টি ঘরে পরিপূর্ণ পেঁয়াজ সংরক্ষণ করা হচ্ছে এবং ৫ টি ঘরের কাজ চলমান।

### গুদাম পরিদর্শন এবং গুদামে কৃষকদের সাথে মতবিনিময় সভা



বাউসী বাজার গুদাম পরিদর্শন এবং গুদামে কৃষকদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. ফাতেমা ওয়াদুদ, প্রকল্প পরিচালক, শসা গুদাম আধুনিকীকরণ ও ডিজিটাইজেশন প্রকল্প।

### স্বাধীনতা দিবসের দোয়া ও আলোচনা অনুষ্ঠান



২৬ শে মার্চ ২০২৪ তারিখ কৃষি বিপণন অধিদপ্তর প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয় দোয়া ও আলোচনা সভা হয় উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাসুদ করিম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

### মূল্য তালিকা নিয়মিত হালনাগাদ ও মনিটরিং



কৃষি বিপণন অধিদপ্তরের সুযোগ্য মহাপরিচালক স্যারের নির্দেশনা মোতাবেক নাটোর জেলার গুরুত্বপূর্ণ বাজারগুলোতে দৃশ্যমান স্থানের মূল্য তালিকা নিয়মিত হালনাগাদ ও মনিটরিং করা হচ্ছে ও নতুন প্রাপ্ত মূল্য তালিকা বোর্ডগুলো যথাস্থানে টাঙানো হচ্ছে।

### রংপুরে আঞ্চলিক বিপণন কর্মশালায়



রংপুর পর্যটন মোটেলের সম্মেলনকক্ষে কৃষি বিপণন অধিদপ্তরের উদ্যোগে আঞ্চলিক বিপণন কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতা করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মোঃ মাসুদ করিম। (মঙ্গলবার, ২রা এপ্রিল ২০২৪) - পিআইডি, রংপুর



**প্রধান অতিথি হিসাবে আঞ্চলিক বিপণন কর্মশালায় অংশবিপণন:**



এন্ড মুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্প, সভাপতিত্ব করেন জনাব এন এম আলমগীর বাদশা, উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, রংপুর।

**প্রধান অতিথি হিসাবে আঞ্চলিক বিপণন কর্মশালায় অংশবিপণন:**



প্রোগ্রাম অন এগ্রিকালচার এন্ড মুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্পের রংপুর অঞ্চলের আঞ্চলিক বিপণন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ মাসুদ করিম, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। সভাপতিত্ব করেন ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক, প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচার এন্ড মুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্প।

**আলু প্রক্রিয়াজাতকরণ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ**



আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পের আওতায় দিনাজপুর জেলা আলু প্রক্রিয়াজাতকরণ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণে উদ্যোক্তাদের মাঝে যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে থেকে উদ্যোক্তাদের মাঝে যন্ত্রপাতি বিতরণ করেন জনাব মোঃ মাসুদ করিম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) কৃষি বিপণন অধিদপ্তর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত জনাব মোঃ আনোয়ারুল হক, প্রকল্প পরিচালক, ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক, প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচার

প্রোগ্রাম অন এগ্রিকালচার এন্ড মুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্পের দিনাজপুর জেলায় অঞ্চলের আঞ্চলিক বিপণন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ মাসুদ করিম, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। সভাপতিত্ব করেন ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক, প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচার এন্ড মুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) শীর্ষক প্রকল্প।

**উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ**



স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট” (বিপণন অংগ)- এর আওতায় কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, চুয়াডাঙ্গা কর্তৃক নতুন উদ্যোক্তা তৈরী উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ এর সমাপনী অনুষ্ঠান।



## ২৬ মার্চ স্বাধীনতা দিবসে দোয়া ও আলোচনা অনুষ্ঠান



২৬ মার্চ ২০২৪ তারিখে মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয় দোয়া ও আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব মোঃ মাসুদ করিম, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।

FAO এর ব্যবস্থাপনায় ফুড সেফটি উপর TOT প্রশিক্ষণের সমাপনী দিন সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান।



০১ এপ্রিল কৃষি মন্ত্রণালয়ের অধীন এসএসপি প্রকল্পের FAO এর ব্যবস্থাপনায় ফুড সেফটির উপর সাভারের ব্রাক সিডিএম-এ ০৫ দিন ব্যাপী অনুষ্ঠিত TOT প্রশিক্ষণের ছিল সমাপনী দিন। প্রশিক্ষণে কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা এবং উপজেলা পর্যায়ের ২৬ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন।

মাহে রমজানের পবিত্রতা রক্ষার্থে করণীয় শীর্ষক লিফলেট বিতরণ।



মাহে রমজানের পবিত্রতা রক্ষার্থে করণীয় শীর্ষক লিফলেট এবং মহাপরিচালক মহোদয়ের তৈরিকৃত ২৯ টি পণ্যের যৌক্তিক মূল্য সংক্রান্ত প্রজ্ঞাপন ব্যবসায়ীদের মাঝে বিতরণ করা হয়।

চালকল মালিক ও চাল ব্যবসায়ীগণকে অবহিতকরণ সভা।



২৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত রাইস মিল (অটোমেটিক ও হাফিং) থেকে পাইকারি এবং খুচরা পর্যায়ে সরবরাহকৃত চালের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং "উৎপাদন ও সরবরাহ" মূল্য বিষয়ক চালকল মালিক ও চাল ব্যবসায়ীগণকে অবহিতকরণ সভা। সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ উল্যাহ, জেলা প্রশাসক, লালমনিরহাট মহোদয়। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত উপপরিচালক, কৃষি বিভাগ, সহকারী পরিচালক, ভোক্তা অধিকার, নিরাপদ খাদ্য কর্মকর্তা, কৃষি বিপণন কর্মকর্তা, চেম্বার অব কমার্সের পরিচালক, খাদ্য বিভাগীয় কর্মকর্তাগণ এবং লালমনিরহাট জেলার চালকল মালিক ও চাল ব্যবসায়ীগণ।

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪



মহান এ বিজয় অর্জনে প্রাণোৎসর্গকারী শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করতে কৃষি বিপণন অধিদপ্তর খুলনার পক্ষ থেকে উপপরিচালক (উপসচিব) জনাব সিফাত মেহনাজ মহোদয়ের নেতৃত্বে গল্পামারী শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরিশেষে সকল শহীদদের আত্মার মাগফিরাত এবং জাতির সুখ-সমৃদ্ধি কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।



## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪



২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মোঃ মাসুদ করিম ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ পুষ্পস্তবক অর্পণ।

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪



মহান স্বাধীনতা দিবসে কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট এর পক্ষ হতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুলেল শুভেচ্ছা।

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪



২৬ শে মার্চ, ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের পক্ষ হতে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ এবং সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন।

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪



২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কৃষি বিপণন অধিদপ্তর বরিশাল বিভাগের উপপরিচালক জনাব এস এম মাহবুব আলম স্যার শহীদদের স্মরণে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এ সময় কৃষি বিপণন অধিদপ্তর, বরিশাল বিভাগ, আঞ্চলিক কার্যালয়ের কার্যালয়ের সকল সহকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

## ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪



মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষে কৃষি বিপণন অধিদপ্তর বিভাগীয়, আঞ্চলিক ও সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, রাজশাহী এর পক্ষ থেকে স্বাধীনতা যুদ্ধে জীবন উৎসর্গকারী সকল শহীদদের প্রতি বিনয় শ্রদ্ধা ও পুষ্পস্তবক অর্পণ।

প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত "নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থার উন্নয়নে কৃষি বিপণন অধিদপ্তরের করণীয়" শীর্ষক কর্মশালায়





২৫-০৩-২০২৪ তারিখ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত "নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থার উন্নয়নে কৃষি বিপণন অধিদপ্তরের করণীয়" শীর্ষক কর্মশালায় স্থিতিচিত্র। কর্মশালায় কী-নোট উপস্থাপন করেন জনাব মোঃ রেজাউল করিম স্যার, সাবেক সদস্য (যুগ্মসচিব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাদের উপস্থিতিতে এক প্রাণবন্ত আলোচনার মাধ্যমে নিরাপদ খাদ্য বিপণনে আমাদের করণীয় বিষয়ে জ্ঞান অর্জন করা হয়। আশা করছি আগামী দিনে এ জ্ঞান কর্মক্ষেত্রে কাজে লাগবে। কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন স্যার।

### কৃষি বিপণন আইন, বিধি এবং নীতির সংবেদনশীলতা বিষয়ক" এক কর্মশালা, বরিশাল।



কৃষিতথ্য সার্ভিস হলরুম, বরিশাল।

ফিড দ্যা ফিউচার বাংলাদেশ পলিসি লিংক এগ্রিকালচারাল পলিসি এ্যাকটিভিটি এর সহযোগিতায় "কৃষি বিপণন আইন, বিধি এবং নীতির সংবেদনশীলতা বিষয়ক" এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি জনাব কৃষিবিদ জনাব মোঃ শওকত ওসমান, অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোঃ জাহিদুল ইসলাম, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সদর দপ্তর, সভাপতিত্ব করেন জনাব এস.এম মাহবুবুর রহমান, উপ-পরিচালক(দা.প্রা.), বিভাগীয় কার্যালয়, বরিশাল স্যারসহ বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাগণ, সাংবাদিক বৃন্দ এবং সংশ্লিষ্ট উপস্থিতি।

### বাজার মনিটরিং



ভোলাসাদ বাজার, ভোলা।

নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধি এবং সিডিকেটের মাধ্যমে যাতে পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে ও পণ্যের যৌক্তিক মূল্যে বাস্তবায়নসহ সাম্প্রতিক বিষয়ের উপর ভোলা সদর বাজার এলাকায় বাজার মনিটরিং কার্যক্রম পরিচালিত হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আলমগীর হুসাইন স্যারের নেতৃত্বে বাজার মনিটরিং এ আরও উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, সজল চন্দ্র শীল এবং অতিরিক্ত পুলিশ সুপার জনাব আছাদুজ্জামান মহোদয়সহ বাজার মনিটরিং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। এ সময়ে পণ্যের যৌক্তিক মূল্যে বাস্তবায়নসহ সকল নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রয় ও মজুদ সংক্রান্ত বিষয়ে ব্যাপক কাউন্সিলিং ও সতর্কতামূলক নির্দেশনা প্রদান করা হয়।

### বাজার মনিটরিং



দৌলতপুর বাজার, দৌলতপুর, খুলনা।

দৌলতপুর বাজার, খুলনা, চাল, ডাল, আটা, ময়দা ও ফলমূল সহ নিত্যপণ্যের বাজার মনিটরিং; অনিয়ম পরিলক্ষিত হওয়ায় তিনটি প্রতিষ্ঠানে সতর্কতামূলক (৮০০০/-) আট হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

### নির্মিত আলু সংরক্ষণের মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন



২২-০৩-২০২৪ তারিখ কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মাহবুবুল হক পাটোয়ারী স্যার ও যুগ্ম সচিব জনাব মোঃ এনামুল হক স্যার রংপুর জেলার সদর উপজেলায় "আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন" প্রকল্পের আওতায় নির্মিত আলু সংরক্ষণের মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।



**"আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন" প্রকল্পের আওতায়  
উদ্যোক্তাগণের মাঝে প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি বিতরণ।**



২২-০৩-২০২৪ তারিখ কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মাহবুবুল হক পাটোয়ারী স্যার ও যুগ্ম সচিব জনাব মোঃ এনামুল হক স্যার রংপুর জেলার সদর উপজেলায় "আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন" প্রকল্পের আওতায় উন্নয়নকৃত উদ্যোক্তাগণের মাঝে প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি বিতরণ করেন।

**মোবাইল কোর্ট পরিচালনা**



২১/০৩/২০২৪ ইং তারিখে বরিশাল জেলা প্রশাসন ও সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, বরিশাল, এর উদ্যোগে কৃষি বিপণন অধিদপ্তর এর মহাপরিচালক মহোদয় এর ২৯ টি যৌক্তিক মূল্যের লিফলেট ২টি বাজারে ব্যবসায়ীদের মাঝে বিতরণ ও প্রচার করা হয় এবং প্রবিত্র মাহে রমজান উপলক্ষে বর্তমান বাজার পরিস্থিতির উপর ভিত্তি করে সর্বকর্তা মূলক মোবাইল কোর্ট ও বাজার অভিযান পরিচালনা করা হয় মোবাইল কোর্ট পরিচালনা করেন জনাব মোহাম্মদ মারজানুর রহমান ও জনাব ফাহিজা বীসরাত হোসেন, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বরিশাল, সার্বিক সহযোগীতায় মোঃ রাসেল খান, মাঠ ও বাজার পরিদর্শক (সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দাঃপ্রা) ও বরিশাল জেলা পুলিশ, র‍্যাব বরিশাল, মোবাইল কোর্ট এ

৩ প্রতিষ্ঠানে মূল্য তালিকা বোর্ড, ক্যাশ মেমো না থাকায়, কৃষি বিপণন আইন ২০১৮ এর ১৯(১)(৬) (ঞ) ধারায় ১২,৫০০/- টাকা জরিমানা আদায় করা হয় এবং ন্যায্য মূল্যে কিছু পিচ তরমুজ জনসাধারণের মাঝে বিক্রি করে দেওয়া হয়।

**পার্টনার প্রোগ্রামের আওতায় ফরিদপুর অঞ্চলের আঞ্চলিক বিপণন কর্মশালা**



পার্টনার প্রোগ্রামের আওতায় ফরিদপুর অঞ্চলের আঞ্চলিক বিপণন কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, পরিচালক (যুগ্মসচিব) কৃষি বিপণন অধিদপ্তর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত জনাব মোঃ মফিদুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ, জনাব মোঃ হাব্বুন-অর-রশিদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চল ও জনাব মোঃ নজরুল ইসলাম, প্রেসিডেন্ট, চেম্বার অফ কমার্স ইন্ডাস্ট্রিজ, ফরিদপুর এবং সভাপতি হিসেবে উপস্থিত ড. মুহাম্মদ আব্দুল্লাহ আল-ফারুক, প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার (ডিএম-অংগ)।

**জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ**



জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপরিচালক (উপসচিব) জনাব এন এম আলমগীর বাদশা মহোদয়,, উপপরিচালকের কার্যালয় ,কৃষি বিপণন অধিদপ্তর ,রংপুর। ভোক্তা অধিদপ্তরের উপপরিচালক মহোদয় এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ নূর হাসান ,আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র ,কৃষি বিপণন অধিদপ্তর ,রংপুর। প্রশিক্ষণার্থী হিসাবে উপস্থিত ছিলেন ৮জেলার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

সম্পাদনা: মোঃ আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

০২-৫৫০২৮৪৪৯; ই-মেইলঃ alnomaer@gmail.com; ওয়েবসাইটঃ www.dam.portal.gov.bd